# প্রম্পট ইঞ্জিনিয়ারিং

## চ্যাটজিপিটি বেসিক টু অ্যাডভান্স গাইড



# প্রম্পট ইঞ্জিনিয়ারিং

চ্যাটজিপিটি বেসিক টু অ্যাডভান্স গাইড

**“ChatGPT can make mistakes.
Check important info.”**

# উৎসর্গ

প্রথম বই, আমার মা ''সাবিনা গনি'' কে উৎসর্গ করলাম। আমার ''মা'' এর ভালোবাসা ও সাপোর্ট না পেলে কখনোই হয়তো নিজের স্বাধীনতা নিয়ে ক্যারিয়ার এক্সপ্লোর করতে পারতাম না।

কখনো অনেক বড় কিছু হই বা না হই, আমার ''মা'' কে নিয়ে একটা বই অবশ্যই লিখতে চাই। এতো বৈচিত্র্য একজন মানুষ আর কখনো দেখিনি।

মায়ের জন্য ভালোবাসা রইলো, সবাই দোয়া করবেন ও ভালোবাসা জানবেন।

# সূচিপত্র


মুখবন্ধ ........................................................................ ১০

গ্রামের চাচাতো ভাই ও দুই ডজন ডিমের গল্প............................... ১১

এই বইয়ের উদ্দেশ্য........................................................... ১৫

এই বইটি যাদের কাজে দিবে.................................................. ১৫

কেন প্রম্পট ইঞ্জিনিয়ারিং গুরুত্বপূর্ণ.......................................... ১৬


## চ্যাপ্টার ১ বেসিক ধারণা ও চ্যাটজিপিটি এর সাথে সাথে পরিচয়


১.১ চ্যাটজিপিটি কী? এপ ইন্সটল প্রসেস.................................. ১৮

১.২ একাউন্ট ছাড়াই চ্যাটজিপিটি ব্যবহার.................................. ২১

১.৩ চ্যাটজিপিটিতে সাইন আপ বা লগইন প্রসেস......................... ২২


## চ্যাপ্টার ২ প্রম্পট ইঞ্জিনিয়ারিং বেসিক


২.১ প্রম্পট কী? প্রম্পট ইঞ্জিনিয়ারিং বা কেন বলা হয়?................ ২৪

২.২ খারাপ প্রম্পট বনাম ভালো প্রম্পটের উদাহরণ..................... ২৭

২.৩ এডভান্সড ভয়েজ চ্যাট ফিচার□......................................... ২৯

২.৪ ইমেইজ জেনারেট ফিচার□................................................ ৩৩

২.৫ ফাইল আপলোড করেও ডকুমেন্ট রিভিউ করা যায়.............. ৩৮

# সূচিপত্র

২.৬ ৩৮ টি ইমেইজ আপলোড আইডিয়া ...................................... ৪২
২.৬ স্ক্রিন শেয়ারিংয়ের মাধ্যমে সরাসরি গাইডলাইন ....................... ৮০
২.৬ ক্যামেরা অন করে রিয়েল-টাইম ফিডব্যাক............................. ৮১
২.৭ GPT স্টোরের প্লাগইন........................................................ ৮৪

## চ্যাপ্টার ৩ AI ও ল্যাংগুয়েজ মডেল বেসিক

৩.১ AI, মেশিন লার্নিং ও ল্যাংগুয়েজ মডেল.............................. ৮৬
৩.২ GPT BERT LLaMA ইত্যাদির বেসিক জানুন....................... ৮৯
৩.৩ ল্যাংগুয়েজ মডেল প্রম্পট................................................... ৯০
৩.৪ AI ও NLP - ন্যাচারাল ল্যাঙ্গুয়েজ প্রসেসিং........................... ৯১

## চ্যাপ্টার ৪ প্রম্পটের গঠন

৪.১ প্রম্পটের পার্টস............................................................ ৯১
৪.২কিভাবে ক্লিয়ার, শর্ট ও অ্যাকিউরেট প্রম্পট লিখবেন.............. ৯৩
৪.৩ মিক্সড ল্যাংগুয়েজে প্রম্পট................................................ ৯৪
৪.৪ ফরম্যাটিং টিপস............................................................ ৯৪

# সূচিপত্র

## চ্যাপ্টার ৫  কমন মিসটেক ও সলিউশন


৫.১ অনির্দিষ্ট কমান্ডের সমস্যা.................................................. ৯৫

৫.২ অপ্রয়োজনীয় লম্বা প্রম্পটকে শর্ট করা................................৯৬

৫.৩ ভুল কিওয়ার্ড ও ভ্যাগ কনটেক্সট ইস্যু.................................৯৭

৫.৪ প্রথম আউটপুট থেকে শেখা............................................. ৯৮


## চ্যাপ্টার ৬ প্রম্পট অপ্টিমাইজেশন কৌশল


৬.১ চেইন অফ থট প্রম্পটিং...................................................... ৯৯

৬.২ রোল প্লে (Role Prompting)........................................... ৯৯

৬.৩ Zero-shot, One-shot, Few-shot প্রম্পটিং................. ১০০


## চ্যাপ্টার ৭ রিয়াল লাইফ ইউজ


৭.১ কনটেন্ট ক্রিয়েশন.......................................................১০৩

৭.১ ব্লগ কনটেন্ট তৈরির জন্য প্রম্পট....................................১০৪

৭.১সোশ্যাল মিডিয়া পোস্ট কনটেন্ট তৈরির জন্য প্রম্পট........... ১০৫

৭.১ ভিডিও স্ক্রিপ্ট তৈরির জন্য প্রম্পট.................................... ১০৬

৭.১ বাংলাদেশি কনটেক্সটে বিশেষ কৌশল............................ ১০৭

# সূচিপত্র

৭.২ মাল্টিপল ইন্ডাষ্ট্রির জন্য মার্কেটিং ও কপি রাইটিং................১০৮
৭.৩ কর্পোরেট এক্সিকিউটিভদের জন্য .................................... ১২০
৭.৪ এডুকেশন সেক্টরে: লেসন প্ল্যান........................................ ১২৫
৭.৫ ফ্রিল্যান্সিং: আপওয়ার্ক/ফাইভার প্রোপোজাল ................... ১২৯
৭.৬ বাংলাদেশি কনটেক্সটে লোকালাইজড প্রম্পট..................... ১৩৪

## চ্যাপ্টার ৮ টুলস, টেমপ্লেট ও ওয়ার্কফ্লো

৮.১ প্রম্পট টেমপ্লেটিং ও লাইব্রেরি.......................................... ১৩৯
৮.১ কোন কাজে প্রম্পট বারবার লাগতে পারে........................... ১৪১
৮.১কিভাবে টেমপ্লেটগুলো সংরক্ষণ করবেন............................ ১৪৬
৮.২ API ও অটোমেশন ইউজ করে রেগুলার টাস্কে প্রম্পট.......... ১৪৭
৮.৩ সেফটি ও এথিক্স........................................................... ১৪৭

## চ্যাপ্টার ৯ পারফরম্যান্স টেস্টিং

৯.১ এ/বি টেস্টিং............................................................... ১৪৮
৯.২ পারফরম্যান্স মাপার মেট্রিকস ......................................... ১৪৯
৯.৩ রেগুলার ফিডব্যাক নিয়ে ফাইনটিউন................................ ১৫৫

# সূচিপত্র

## চ্যাপ্টার ১০ ফিউচার ভিউ

১০.১ নতুন ল্যাংগুয়েজ মডেল ও ট্রেন্ড.................................... ১৫৭
১০.২ প্রম্পট ইঞ্জিনিয়ারিং ক্যারিয়ার......................................... ১৬৩
১০.৩ কনটেন্ট জেনারেশন অটোমেশন.................................... ১৬৯
১০.৪ কমিউনিটি, রিসার্চ ও ফিউচার ডেভেলপমেন্ট.................... ১৭০

## চ্যাপ্টার ১১ সামারি ও নেক্সট স্টেপ

১১.১ বইয়ের মূল পয়েন্টগুলোর সামারি.................................. ১৭১
১১.২ রেগুলার প্র্যাকটিস ও স্কিল ইম্প্রুভমেন্ট টিপস................... ১৭২
১১.৩ রিসোর্স লিস্ট, ফোরাম ও কমিউনিটি লিঙ্ক....................... ১৭২
১১.৪ ক্যারিয়ার ও পার্সোনাল গ্রোথে প্রম্পট.............................. ১৭২

## অ্যাপেন্ডিক্স

A.1 এক্সাম্পল প্রম্পট কালেকশন.......................................... ১৭৩
A.2 ইউজফুল ওয়েবসাইট ও টুল লিস্ট.................................. ১৯৭
A.3 শর্ট গ্লসারি (কিছু কী টার্মের সহজ ব্যাখ্যা).......................... ১৯৭
A.4 এক্সট্রা রিডিং, ব্লগ, আর্টিকেল ও রিসার্চ লিঙ্ক..................... ২০০


# মুখবন্ধ

কর্পোরেট ক্যারিয়ারে ৫ বছর, এরপর বিজনেসে প্রায় ৭ বছর মিলে ১ যুগ ধরে কাজ করার অভিজ্ঞতায় সব চাইতে বেশী যেই টেকনোলজি আমাকে অবাক করেছে তা হচ্ছে চমৎকার সব AI - আর্টিফিশিয়াল ইন্টিলিজেন্স নির্ভর টুল... আর এইসব টুলের মধ্যে স্পেসিফিক্যালি বললে প্রথমেই OpenAI এর ChatGPT এর নাম চলে আসবে।

OpenAI এর চ্যাটজিপিটি এর উপর এতোটাই ফিদা হয়ে গিয়েছি যে তারা যখন চ্যাটজিপিটি সবচাইতে এক্সপেন্সিভ মান্থলি সাবস্ক্রিপশন অফার করলো, চ্যাটজিপিটি প্রো - মান্থলি ২০০ ডলার বা ২৪ হাজার টাকা, খুব বেশী চিন্তা না করে নিয়ে নিয়েছি।

তবে আপনার ভয় পাওয়ার কোন কারণ নেই! এই বইতে চ্যাটজিপিটি এর ফ্রি/পেইড ভার্সনের চাইতেও গুরুত্ব দেওয়া হয়েছে '**প্রম্পট ইঞ্জিনিয়ারিং**' এর উপর। অর্থাৎ চ্যাটজিপিটি এর সাথে কিভাবে বেটার ভাবে কনভার্সেশন করে ইন্সট্রাকশন দিয়ে আউটপুট বের করে নিয়ে আসা যায় - তা ই এই বইয়ের মূল লক্ষ্য। এখন এই ইন্সট্রাকশন চ্যাটজিপিটি এর ফ্রি ভার্সনেও দিতে পারেন, আবার পেইড ভার্সনেও দিতে পারেন। তবে যেই ভার্সনই ইউজ করেন না কেন, যদি বেটার ভাবে প্রম্পট দিতে না পারেন - তাহলে চ্যাটজিপিটি থেকে বেটার আউটপুট পাবেন না।

যেহেতু, এটা আমার প্রথম বই, চেষ্টা করেছি সর্বোচ্চটা দিয়ে বইটাকে রিসোর্সফুল যেন বানানো যায়। আপনারা যেন বলতে পারেন,



## গ্রামের চাচাতো ভাই ও দুই ডজন ডিমের গল্প

অনেক মুভিতে দেখা যায়, নায়ক বিপদে পরলে তার গ্রামের 'চাচাতো' ভাই বা বিগ ব্রাদার এর হেল্প নিয়ে বড়সড় একটা ফাইট দেয়, জয়ী হয়... অতঃপর সুখে-শান্তিতে বাকিটা জীবন কাটিয়ে দেয়!

আজ আপনাদের সাথে এরকমই এক গ্রামের চাচাতো ভাইয়ের পরিচত করিয়ে দিব। গ্রামের এই চাচাতো ভাই ফিজ্যিক্যালি আপনার জন্য ফাইট না করলেও, তার জ্ঞান-বিচার-বুদ্ধি দিয়ে অবশ্যই আপনাকে পার্ফেক্টলি মেন্টরিং করবে। মজার বিষয় হচ্ছে গ্রামের এই চাচাতো ভাইকে দিয়ে আপনি যেরকম বাজার থেকে ডিম কেনার কাজ করাতে পারবেন, তেমনি তার কাছে জটিল সব ম্যাথ, কোডিং, বা স্কিলও শিখতে পারবেন ও তাকে দিয়ে কাজ করিয়ে নিতে পারবেন।

আর এরকম এক 'গ্রামের চাচাতো' ভাইকে যদি আপনি মাগনাতেই পেয়ে যান, কেমন হবে বলেন তো? হ্যাঁ, আমাদের এই বই গ্রামের সেই চাচাতো ভাইকে নিয়ে লিখা যার নাম '**চ্যাটজিপিটি**'।

এই বইতে আমরা গ্রামের এই চাচাতো ভাইকে প্রোপারলি কমান্ড দেওয়ার সলিড গাইডলাইন নিয়ে কথা বলবো। তবে এই পর্যায়ে এসে আপনার মনে প্রশ্ন জাগতে পারে, গ্রামের চাচাতো ভাইকে কমান্ড দেওয়ার আবার কী আছে! তাকে তো ডিম কেনা থেকে শুরু করে সব কাজই করাতে পারি! আলাদাভাবে তাকে 'হুকুম' বা 'কমান্ড' দেওয়া শেখার কি আছে!
আছে ভাই আছে!

আপনি যে তাকে ডিম কিনতে পাঠাচ্ছেন, সে এক্সাটলি কিসের ডিম বাজার থেকে কিনে নিয়ে আসবে, তাই কী তাকে বলেছেন? কত হালি বা কত ডজন কিনবে, সেটা কি বলেছেন? গলির মুখ থেকে কমদামী পুরনো ডিম কিনবে নাকি স্বপ্নের আউটলেট থেকে ওমেগা ৩ সম্পন্ন ডিম কিনবে - সেটা কি বলেছেন?




যদি এসব না বলে তাকে জাস্ট ডিম কিনতে পাঠিয়ে দেন - তাহলে এতে গ্রামের চাচতো ভাই, ডিম ঠিকই কিনে নিয়ে আসবে কিন্তু সেটা একদিকে আপনার মনমতো যেরকম হবে না, তেমনি সময়ও অনেক নষ্ট হবে। তাই আপনি যদি ডিম কিনতে পাঠানোর আগেই তাকে বলতেন,

"তুমি ৫০০ টাকার মধ্যে ২ ডজন ওমেগা ৩ সম্পন্ন অর্গানিকভাবে বড় করা মুরগির ব্রাউণ ডিম কিনে নিয়ে আসবে, প্রয়োজনে স্বপ্নের আউটলেট থেকে নিয়ে আসতে পারো।"

তাহলে এতে গ্রামের চাচতো ভাই, সঠিক কমান্ড পাওয়ার মাধ্যমে স্বল্প সময়ের মধ্যে আপনার মনমতো কাজ করতে পারতো। এরকম ভাবে বলা যায়, চ্যাটজিপিটি মতো AI দিয়ে যেহতু অনেক ধরণের কাজ করা যায়, তাই আপনি তাকে সঠিকভাবে 'নির্দেশনা' দিচ্ছেন কিনা, সেটা অনেক গুরুত্বপূর্ণ বিষয়।

কল্পনা করুন, আপনার সামনে আছে এমন একটা AI, যা আপনি যা বলবেন বা লিখবেন সেটার ওপর ভিত্তি করে অনলাইনে পেয়ে যাবে অসীম তথ্যের ভাণ্ডার থেকে সাজানো জবাব, আইডিয়া কিংবা কনটেন্ট। আপনি শুধু প্রয়োজনীয় নির্দেশনা দেবেন, আর এআই সেই অনুযায়ী কাজ করে দিবে। ঠিক এই জায়গাটায় এসে **প্রম্পট ইঞ্জিনিয়ারিং হয়ে উঠেছে একটি গুরুত্বপূর্ণ স্কিল।**



## এই বইয়ের উদ্দেশ্য:

এই বইতে আমরা শিখবো কিভাবে চ্যাটজিপিটি এর মতো AI বা ল্যাংগুয়েজ মডেলকে সঠিকভাবে নির্দেশনা দিতে হয়। আপনি কীভাবে নির্দেশনা লিখবেন, কী কী কৌশল ব্যবহার করবেন, কিভাবে ভুলগুলো এড়িয়ে চলবেন, এবং **রিয়াল লাইফ কাজগুলোতে এই প্রম্পটিং স্কিল ব্যবহার করবেন**—এসব বিষয় সহজ ভাষায় ব্যাখ্যা করা হয়েছে।

## এই বইটি যাদের কাজে দিবে:

- যারা **নতুনভাবে** এআই ব্যবহার করতে চান কিন্তু জানেন না প্রম্পট কীভাবে লিখবেন।
- **ফ্রিল্যান্সার, কনটেন্ট ক্রিয়েটর, স্টার্টআপ ফাউন্ডার, মার্কেটার, স্টুডেন্ট**—যেকোনো ব্যক্তি যারা চ্যাটজিপিটি এর মতো AI এর সাথে ইন্টার‍্যাক্ট করতে চান।




- বিশেষ করে বাংলাদেশের বাস্তবতায় কনটেন্ট তৈরিতে, লোকাল মার্কেটিং বা এডুকেশন সেক্টরে যারা কাজ করছেন, তাদের জন্য এটা খুব উপকারী হতে পারে।

## কেন প্রম্পট ইঞ্জিনিয়ারিং গুরুত্বপূর্ণ:

এআই দিন দিন মানুষের কাজকে সহজ করছে। কিন্তু যদি আপনি এআইকে কী করতে হবে ঠিকভাবে বোঝাতে না পারেন, তাহলে ফলাফল হবে খুবই সাদামাটা বা মনমতো নয়। **তাই প্রম্পট ইঞ্জিনিয়ারিং জানা মানে আপনি এআইকে আপনার মনমতো পরিচালনা করতে পারবেন—এতে সময় ও শ্রম কমবে, কাজের মান বাড়বে।**


বাংলাদেশে লোকাল ভাষা, কালচার, মার্কেটের ডিমান্ড—সবগুলোই একটু আলাদা। ইংরেজির পাশাপাশি বাংলায় কনটেন্ট তৈরি, লোকাল মার্কেটিং কপি, বা ছোট-বড় বিজনেসের প্রমোশন করার সুযোগ আছে। **প্রম্পট ইঞ্জিনিয়ারিং স্কিল থাকলে আপনি বাংলায় বা মিক্স ভাষায় এআইকে নির্দেশনা দিয়ে দ্রুত মানসম্মত আউটপুট পেতে পারেন।**



## কেন প্রম্পট ইঞ্জিনিয়ারিং গুরুত্বপূর্ণ:

যেমন ধরুন আপনি চাচ্ছেন, একটা লোকালাইজ মার্কেটিং ক্যাম্পেইন ছাড়বেন **যেখানে ঢাকাইয়া, সিলেটি, চাটগাইয়া ও বরিশাইল্লা ভাষায় কপি ও ক্যাপশন যাবে।** কিন্তু আপনি এই লোকালাইজ ভাষায় কনটেন্ট লিখতে জানেন না। **কিন্তু আপনি এতোটুকু জানেন যে মার্কেটিং কপিটা কিসে ফোকাসড হতে পারে!**

> “নতুন বছর তো চলেই আসলো! ১৫ দিনে নতুন স্কিল শিখে জাস্ট ক্যারিয়ারে ঝড় তুলুন!"




চ্যাটজিপিটিতে সঠিকভাবে প্রম্পট লিখে দিলে, **জাস্ট ৫ মিনিটে সে সবগুলো লোকাল ভাষায় মূল ম্যাসেজ নিয়ে আসবে।**

এখন থেকে শুরু করে পরবর্তী অধ্যায়গুলোতে আমরা ধাপে ধাপে শিখবো কীভাবে প্রম্পট লেখার বেসিক থেকে অ্যাডভান্স কৌশল রপ্ত করা যায়। এই বইয়ে থাকা টিপস ও প্র্যাকটিসগুলো আপনাকে একজন দক্ষ প্রম্পট ইঞ্জিনিয়ার হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে।